

🔳 আল-ফুরকান | Al-Furqan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ৬

া আরবি মূল আয়াত:

قُل اَنزَلَهُ الَّذِى يَعلَمُ السِّرَّ فِى السَّمَٰوٰتِ وَ الاَرضِ ۚ اِنَّهُ كَانَ غَفُورًا رَّحِيمًا ﴿ ٤﴾

বল, 'যিনি আসমান ও যমীনের রহস্য জানেন তিনি এটি নাযিল করেছেন; নিশ্চয় তিনি অতীব ক্ষমাশীল, পরম দয়ালু।' — আল-বায়ান

বল: 'তা তিনিই নাযিল করেছেন যিনি আসমান-যমীনের যাবতীয় গোপন বিষয় অবগত আছেন। তিনি বড়ই ক্ষমাশীল, অতি দয়ালু। — তাইসিরুল

বলঃ এটা তিনিই অবতীর্ণ করেছেন যিনি আকাশমন্ডলী ও পৃথিবীর সমুদয় রহস্য অবগত আছেন; তিনি ক্ষমাশীল, পরম দয়ালু। — মুজিবুর রহমান

Say, [O Muhammad], "It has been revealed by He who knows [every] secret within the heavens and the earth. Indeed, He is ever Forgiving and Merciful."

— Sahih International

৬. বলুন, এটা তিনিই নাযিল করেছেন যিনি আসমানসমূহ ও যমীনের সমুদয় রহস্য জানেন; নিশ্চয় তিনি পরম ক্ষমাশীল, পরম দয়ালু।

তাফসীরে জাকারিয়া

- (৬) বল, 'এ তিনিই অবতীর্ণ করেছেন, যিনি আকাশমন্তলী ও পৃথিবীর সমুদয় রহস্য অবগত আছেন।[1] নিশ্চয়ই তিনি চরম ক্ষমাশীল, পরম দয়ালু।' [2]
 - [1] এটি তাদের মিথ্যা ও অপবাদ আরোপের জবাবে বলা হচ্ছে যে, কুরআনের প্রতি লক্ষ্য কর, এর মধ্যে কি রয়েছে? কুরআনের কোন কথা অসত্য বা বাস্তববিরোধী কি? নিশ্চয় না। বরং প্রতিটি কথা সঠিক ও সত্য। কারণ এর অবতীর্ণকারী ঐ সত্তা, যিনি আকাশ ও পৃথিবীর প্রত্যেক গুপ্ত বিষয় সম্পর্কে অবহিত।
 - [2] তিনি চরম ক্ষমাশীল ও পরম দয়াবান; নচেৎ কুরআন রচনার অপবাদ আরোপ অতি মহাপাপ; যার কারণে





শীঘ্রই তারা আল্লাহর আযাবে গ্রেফতার হত।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2861

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন